

নং-০৫.১০২.০২২.০০.০০.০০১.২০০৬ - ০৪

০২ মাঘ, ১৪১৮
তারিখঃ-----
১৫ জানুয়ারি, ২০১২

পরিপত্র

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী / প্রধান উপদেষ্টার অধীনস্থ মন্ত্রণালয় / বিভাগ সমূহের অধীন সংস্থায় কিংবা সাংবিধানিক সংস্থা / কমিশনসমূহে কর্মরত কর্মকর্তাদের এসিআর অনুস্বাক্ষর / প্রতিস্বাক্ষর সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টার অধীন মন্ত্রণালয় / বিভাগের অধীন সংস্থায় কর্মরত সংস্থা প্রধান যে পদমর্যাদার / পর্যায়ের কর্মকর্তাই হোন না কেন, তাঁকে তাঁর অধীনস্থ কর্মকর্তার এসিআর অনুস্বাক্ষরপূর্বক প্রতিস্বাক্ষরের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় / বিভাগের দায়িত্বপ্রাপ্ত সচিবের নিকট প্রেরণ করতে হবে।

২। এছাড়া সাংবিধানিক পদে অধিষ্ঠিত সদস্যগণ তাঁদের সরাসরি অধীনস্থ কর্মকর্তাদের এসিআর অনুস্বাক্ষরের পাশাপাশি প্রতিস্বাক্ষরও করবেন এবং স্বাভাবিক নিয়মে দায়িত্ব পালন শেষে পরবর্তী এক বছর পর্যন্ত অধীনস্থদের এসিআর অনুস্বাক্ষর / প্রতিস্বাক্ষর করতে পারবেন।

৩। সাংবিধানিক পদ ব্যতীত নির্বাহী আদেশে গঠিত কমিশনসমূহের ক্ষেত্রে, কমিশনের প্রধান সচিব পদমর্যাদার হলে তাঁর অনুস্বাক্ষরিত অধীনদের এসিআরসমূহ প্রতিস্বাক্ষরের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় / বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী / উপদেষ্টা / প্রতিমন্ত্রী / উপমন্ত্রীর নিকট উপস্থাপন করতে হবে। কমিশনের প্রধান সচিব পদমর্যাদার নিম্নের হলে তাঁর অনুস্বাক্ষরিত অধীনস্থদের এসিআরসমূহ প্রতিস্বাক্ষরের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় / বিভাগের সচিবের নিকট উপস্থাপন করতে হবে। তবে যে সকল কমিশন / সংস্থায় ব্যক্তিবর্গকে মন্ত্রী / প্রতিমন্ত্রী / উপমন্ত্রীর পদমর্যাদা দেয়া হয়েছে সে সকল ক্ষেত্রে তৎকর্তৃক অনুস্বাক্ষরিত এসিআরসমূহ প্রতিস্বাক্ষরের প্রয়োজন হবে না।



(ড. কাজী লিলাকত আলী)

উপ-সচিব

ফোনঃ ৭১৬৫৯৭১

dscrbr@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

(অধীনস্থ/ সংশ্লিষ্ট সকল সংস্থা/ দপ্তরকে অবহিত করার অনুরোধসহ)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ সচিব, জনবিভাগ/ আপনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়।
৩. সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
৪. সিএন্ডএজি, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
৫. চেয়ারম্যান/ সদস্য, বিপিএসসি, তেজগাঁও, ঢাকা।
৬. সিইসি/ ইসি, নির্বাচন কমিশন সচিবালয়, প্লানিং কমিশন চত্বর, ব্লক ৫ ও ৬, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. চেয়ারম্যান, দুদক, সেগুনবাগিচা, ঢাকা।
৮. চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন, ৬/৩, ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা।
৯. চেয়ারম্যান, তথ্য কমিশন বাংলাদেশ, ১-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. চেয়ারম্যান, ট্যারিফ কমিশন, ১ম ১২তলা সরকারি অফিস ভবন (১০ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১১. চেয়ারম্যান, বিটিআরসি, আইইবি ভবন(৬ষ্ঠ-৮ম তলা), রমনা, ঢাকা।
১২. চেয়ারম্যান, বিইআরসি, টিসিবি ভবন(৪র্থ তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
১৩. চেয়ারম্যান, আইন কমিশন, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
১৪. রেটর, বিপিএটিসি, সাজর, ঢাকা।
১৫. মহাপরিচালক, বিসিএস (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা।
- ✓ ১৬. সিনিয়র সিস্টেম্‌স এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭. গার্ড ফাইল কপি।